



সাবেক ভূমিমন্ত্রী দম্পতির যুক্তরাষ্ট্রে থাকা সম্পদের তথ্য পাঠাল এফবিআই



ছবি: সংগৃহীত

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী ও তার স্ত্রী রুকমিলা জামানের যুক্তরাষ্ট্রে থাকা স্থাবর ও অস্থাবর সম্পদের তথ্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাছে পাঠিয়েছে মার্কিন কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই।

দুদকের অনুরোধের পর মার্কিন কর্তৃপক্ষ এ তথ্য সরবরাহ করেছে। পাঠানো নথিতে তাদের যুক্তরাষ্ট্রে থাকা ব্যাংক হিসাব, ব্যবসা এবং বিভিন্ন স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিস্তারিত তথ্য রয়েছে।

সোমবার (৭ সেপ্টেম্বর) দুদকের মুখপাত্র আকতারুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, সাইফুজ্জামান চৌধুরী ও তার স্ত্রীর বিদেশে থাকা অবৈধ সম্পদের অভিযোগ অনুসন্ধানের জন্য মার্কিন কর্তৃপক্ষের কাছে তথ্য চেয়ে আবেদন করেছিল দুদক। সেই আবেদনের পরিপ্রেক্ষিতেই এফবিআই তাদের যুক্তরাষ্ট্রে থাকা সম্পদসংক্রান্ত নথি ও তথ্য পাঠিয়েছে। দুদক সূত্রে জানা গেছে, ভারতের আদানি পাওয়ারের সঙ্গে বাংলাদেশ সরকারের বিদ্যুৎ ক্রয় চুক্তিতে অনিয়ম ও দুর্নীতির অভিযোগের অনুসন্ধানও জোরদার করা হয়েছে। ওই চুক্তির সঙ্গে সম্পৃক্ততার অভিযোগ রয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মুখ্যসচিব ড. আহমেদ কায়কাউসের বিরুদ্ধে।

এ ছাড়া অবৈধ সম্পদ অর্জনের অভিযোগেও তার বিষয়ে অনুসন্ধানের সুপারিশ করেছে দুদকের সংশ্লিষ্ট টিম। বিষয়টি বর্তমানে দুদকের অনুসন্ধান কার্যক্রমের আওতায় রয়েছে।